

East Asia Summit Senior Officials' Meeting (EAS SOM)

June 24, 2021

পূর্ব এশিয়া শীর্ষ বরিষ্ঠ আধিকারিকদের সভা (ইএএস এসওএম)

জুন ২৪, ২০২১

1. ২৪শে জুন ২০২১-এ শ্রীমতি রিভা গাঙ্গুলী, সচিব (পশ্চিম), পূর্ব এশিয়া শীর্ষ বরিষ্ঠ আধিকারিকদের সভা (ইএএস এসওএম)য় যোগদান করেছেন। এই ভার্চুয়াল সভায় পৌরহিত্য করেছেন ক্রুনেই দারউসসালাম-এর স্থায়ী সচিব হিজ এক্সেলেন্সি শ্রীমতি ইমালীন আবদুল রহমান তেও, এবং ১৮টি ইএএস দেশের বরিষ্ঠ আধিকারিকদের অংশগ্রহণ করতে দেখা গেছে।

2. নেতৃত্বাধীন এই ইএএস প্ল্যাটফর্মকে শক্তিশালী করার পন্থা এবং উপায় বের করা ও এটিকে উদ্বৃত্ত চ্যালেঞ্জের মোকাবিলায় আরও কার্যকরি এবং দায়িত্বশীল করে তোলা নিয়ে সভায় আলোচনা হয়েছে। বরিষ্ঠ আধিকারিকরা কোভিড-১৯ এবং অতিমারির পরবর্তী আরোগ্যলাভ, দক্ষিণ চীন, কোরিয়া উপদ্বীপ, মায়ানমারে উদ্বৃত্ত পরিস্থিতি এবং পর্যটন সহ বর্তমান আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলি নিয়ে নিজেদের মধ্যে মত বিনিময় করেছেন। সভায়, ইএএস পরিকাঠামোর অন্তর্ভুক্ত অংশগ্রহণকারী দেশগুলির প্রতিশ্রুতি এবং ম্যানিলা প্ল্যান অব অ্যাকশনের (২০১৮-২০২২)-এর বাস্তবায়নের প্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়েছে।

3. সচিব (পূর্ব), তার মন্তব্যে, আসিয়ান এবং আসিয়ান-নেতৃত্বাধীন পদ্ধতির বর্তমান পৌরহিত্যে ক্রুনেই দারউসসালামের নেতৃত্বের ভূমিকা পালনের জন্য ভারতের প্রশংসা ব্যক্ত করেছেন। ইন্দো-পেসিফিক অঞ্চলে শান্তি ও স্থিরতা বজায় রাখার জন্য অগ্রগামী পদ্ধতি হিসেবে ইএএস-এর মুখ্য ভূমিকা পালনকে তিনি বিশেষভাবে উল্লেখ করেছেন এবং একে আরও মজবুত এবং আরও প্রতিক্রিয়াশীল করে তোলার জন্য ভারতের সমর্থনের কথা তিনি পুনরায় উল্লেখ করেছেন। এর কেন্দ্রে মুক্ত, অবাধ, একীভূত এবং

আসিয়ান সহ নিয়ম-ভিত্তিক ইন্দী-পেসিফিক অঞ্চলের গুরুত্বর উপরে জোর আরোপ করে তিনি উল্লেখ করেছেন যে, ইন্দো-পেসিফিক (এওআইপি)-এর উপরে আসিয়ান দৃষ্টিভঙ্গি এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় উদ্যোগ (আইপিওআই)এর মধ্যে শক্তিশালী এককেন্দ্রাভিমুখতা আঞ্চলিক সহযোগিতার জন্য একটি স্বীকৃত সাধারণ ভিত্তি প্রদান করে।

4. সভা চলাকালীন সচিব (পূর্ব), শান্তি ও স্থিতিশীলতা রক্ষা এবং আন্তর্জাতিক আইনের সাথে ঐক্যমত হয়ে দক্ষিণ চীন সাগরের উপর দিয়ে নৌ চলাচল এবং আকাশপথে চলাচলের স্বাধীনতার গুরুত্বের উপরেও রেখাপাত করেছেন। তিনি এও জানিয়েছেন যে, আপসে-মীমাংসীত আচরণ বিধির তৃতীয় পক্ষের বৈধ স্বার্থের উপরে পক্ষপাতিত্ব করা উচিত নয় এবং সমুদ্র আইন সম্পর্কিত জাতিসংঘের কনভেনশন (ইউএনসিএলওএস) এর সাথে পুরোপুরি সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত।

5. মায়ানমারের অবস্থার উন্নতির বিষয়ে, তিনি আসিয়ান প্রক্রিয়াটির জন্য ভারতের সমর্থন ব্যক্ত করেছেন এবং বলেছেন যে মায়ানমারের বন্ধু এবং ঘনিষ্ঠ প্রতিবেশী হিসাবে ভারত সেখানে বর্তমান অবস্থার পরিস্থিতি সমাধানে গঠনমূলক ও অর্থবহ ভূমিকা পালন করবে। তিনি অন্যান্য বিষয়গুলির মধ্যে সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের অবস্থানকেও সামনে রেখেছেন।

নিউ দিল্লি

জুন ২৪, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.